গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৭.২০২২.৮৬৯

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব রফিকুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আশাশুনি, সাতক্ষীরা, প্রাক্তন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা এর বিরুদ্ধে খুলনা জেলার তেরখাদা উপজেলার হাড়িখালী মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষকের কাছ থেকে উচ্চতর স্কেল প্রাপ্তির জন্য ১,০০০/- (এক হাজার) টাকা, পঞ্চপল্লী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ০৭ (সাত) জন শিক্ষকের কাছ থেকে ১৬,০০০/- (ষোল) হাজার টাকা, পঞ্চপল্লী বিদ্যালয়ের উচ্চতর স্কেলের জন্য ০৩ (তিন) জন শিক্ষকের কাছ থেকে ৬০০০/- (ছয় হাজার) টাকা, ছাগলাদাহ ইউনিয়নের আদিল উদ্দিন স্মরনিক মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ (তিন) জন শিক্ষকের উচ্চতর স্কেলের জন্য ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা, বি.আর.বি আজগড়া মাধ্যমিক বিদ্যালয়ের ০৪ (সাত) জন শিক্ষকের কাছ থেকে এমপিওভুক্তির জন্য ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা, কুশলা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ (তিন) জন শিক্ষকের কাছ থেকে উচ্চতর স্কেলের জন্য ৯,০০০/- (নয় হাজার) টাকা, শ্রীপুর মধুসুদন মাধ্যমিক বিদ্যালয়ের ০৪ (সাত) জন শিক্ষকের কাছ থেকে উচ্চতর স্কেলের জন্য ৮,০০০/- (আট হাজার) টাকা, ইন্দুহাটি মাধ্যমিক বিদ্যালয়ের ০৪ (চার) জন শিক্ষকের কাছ থেকে এমপিও ও উচ্চতর স্কেলের জন্য ১২,০০০/- (বারো হাজার) টাকা ঘুষ গ্রহণ, অনলাইন এমপিও ভুক্ত করণে ঘুষ নেয়া ও শিক্ষক-কর্মচারী নিয়োগে দুর্নীতি ও হয়রানির অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

০২/৮/২৩

(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান ঠিকানা:**
জনাব রফিকুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।

**স্থায়ী ঠিকানা:**
জনাব রফিকুল ইসলাম
পিতা: আব্দুল জলিল মোল্যা
গ্রাম- নওয়াগ্রাম, ডাকঘর- নওয়াগ্রাম, উপজেলা- কালিয়া, জেলা- নড়াইল।

অনুলিপি:
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

<u>অভিযোগবিবরণী</u>

জনাব রফিকুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আশাশুনি, সাতক্ষীরা, প্রাক্তন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা এর বিরুদ্ধে খুলনা জেলার তেরখাদা উপজেলার হাড়িখালী মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষকের কাছ থেকে উচ্চতর স্কেল প্রাপ্তির জন্য ১,০০০/- (এক হাজার) টাকা, পঞ্চপল্লী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ০৭ (সাত) জন শিক্ষকের কাছ থেকে ১৬,০০০/- (ষোল) হাজার টাকা, পঞ্চপল্লী বিদ্যালয়ের উচ্চতর স্কেলের জন্য ০৩ (তিন) জন শিক্ষকের কাছ থেকে ৬০০০/- (ছয় হাজার) টাকা, ছাগলাদাহ ইউনিয়নের আদিল উদ্দিন স্মরনিক মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ (তিন) জন শিক্ষকের উচ্চতর স্কেলের জন্য ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা, বি.আর.বি আজগড়া মাধ্যমিক বিদ্যালয়ের ০৪ (সাত) জন শিক্ষকের কাছ থেকে এমপিওভুক্তির জন্য ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা, কুশলা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ (তিন) জন শিক্ষকের কাছ থেকে উচ্চতর স্কেলের জন্য ৯,০০০/- (নয় হাজার) টাকা, শ্রীপুর মধুসুদন মাধ্যমিক বিদ্যালয়ের ০৪ (সাত) জন শিক্ষকের কাছ থেকে উচ্চতর স্কেলের জন্য ৮,০০০/- (আট হাজার) টাকা, ইন্দুহাটি মাধ্যমিক বিদ্যালয়ের ০৪ (চার) জন শিক্ষকের কাছ থেকে এমপিও ও উচ্চতর স্কেলের জন্য ১২,০০০/- (বারো হাজার) টাকা ঘুষ গ্রহণ, অনলাইন এমপিও ভুক্ত করণে ঘুষ নেয়া ও শিক্ষক-কর্মচারী নিয়োগে দুর্নীতি ও হয়রানির অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

জনাব রফিকুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাল্লা, সুনামগঞ্জ এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি" এর পর্যায়ভূক্ত শাস্তিযোগ্য অপরাধ।

০২/৮/২৩

(সোলেমান খান)
সচিব